গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপমহাপরিচালকের কার্যালয়
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
ময়মনসিংহ রেঞ্জ, ময়মনসিংহ।

স্মারক নং- ৪৪.০৩.৪৫৬১.০০১.০০.০০০০.২৫.১০২৩

তারিখ: ০৭ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ।
২১ মে ২০২৫ খ্রিস্টাব্দ।

## " প্রশিক্ষণ ক্যাম্প আদেশ"

### [মোটর ড্রাইভিং ও মেকানিক্স প্রশিক্ষণ-৩য় ধাপ সংক্রান্ত]

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আভি সদর দপ্তর প্রশিক্ষণ প্রকল্প শাখার স্মারক নং-৪৪.০৩.০০০.০৬৪.৭০. ০৩০.১৬.১৮৬, তারিখ: ২০/০৫/২০২৫খ্রি. নির্দেশনার আলোকে টাঙ্গাইল জেলা ও ময়মনসিংহ রেঞ্জাধীন ০৪ টি জেলার অবশ্যই ভিডিপি মৌলিক প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে তবে ২০২৪-২০২৫ অর্থ বছরের ভিডিপি মৌলিক প্রশিক্ষণপ্রাপ্তদের মধ্যে আগ্রহী প্রশিক্ষণার্থীদের মোটর ড্রাইভিং ও মেকানিক্স প্রশিক্ষণ (পুরুষ)-৩য় ধাপ কোর্স সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্তে প্রশিক্ষণ ক্যাম্প আদেশ জারী করা হলো।

| | | | |
|---|---|---|---|
| ১. | প্রশিক্ষণের নাম | ঃ | মোটর ড্রাইভিং ও মেকানিক্স প্রশিক্ষণ (পুরুষ)-৩য় ধাপ |
| ২. | প্রাধিকার | ঃ | স্মারক নং-৪৪.০৩.০০০.০৬৪.৭০. ০৩০.১৬.১৮৬, তারিখ: ২০/০৫/২০২৫ খ্রি. |
| ৩. | প্রশিক্ষণার্থীর যোগ্যতা | ঃ | ২০২৪-২০২৫ অর্থবছরে প্রশিক্ষণ নির্দেশিকার অনুসরণ করতে হবে। |
| ৪. | প্রশিক্ষণার্থীর সংখ্যা | ঃ | ৪০ জন। |
| ৫. | প্রশিক্ষণের মেয়াদ | ঃ | ২৫/০৫/২০২৫ হতে ০৫/০৭/২০২৫ খ্রিঃ পর্যন্ত ৪২ (বিয়াল্লিশ) দিন। |
| ৬. | প্রশিক্ষণের স্থান | ঃ | জেল রোডস্থ আনসার ও ভিডিপি প্রশিক্ষণ কেন্দ্র, সদর, ময়মনসিংহ। |
| ৭. | প্রশিক্ষণের উদ্দেশ্য | ঃ | ❖ মোটর গাড়ী চালনায় পারদর্শী করে তোলা এবং মোটর গাড়ী রক্ষণাবেক্ষণে সক্ষম করে গড়ে তোলা।<br>❖ দেশে ও বিদেশে কর্মসংস্থান তৈরীর মাধ্যমে আর্থিক উন্নয়ন ঘটাতে সহায়তা করা। |
| ৮. | ক্যাম্প অধিনায়ক/ কোর্স ওআইসি | ঃ | **মোহাম্মদ আবদুল আউয়াল বিভিএম, পিভিএমএস,** উপ-মহাপরিচালক, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ময়মনসিংহ রেঞ্জ, ময়মনসিংহ। তিনি ক্যাম্প অধিনায়ক হিসেবে প্রশিক্ষণ ক্যাম্পের তত্ত্বাবধানের সার্বিক দায়িত্ব পালন করবেন। |
| ৯. | উপ-অধিনায়ক | ঃ | জনাব সঞ্জয় চৌধুরী পিভিএম, পরিচালক, আনসার ও ভিডিপি, ময়মনসিংহ রেঞ্জ, উক্ত প্রশিক্ষণের উপঅধিনায়কের দায়িত্ব পালন করবেন। তিনি প্রশিক্ষণের সাথে সম্পৃক্ত সকলের মধ্যে সমন্বয় সাধনপূর্বক ক্যাম্পের সুষ্ঠু পরিবেশ ও শৃংখলা বজায় রাখবেন। প্রশিক্ষণ সংশ্লিষ্ট মাঠ পর্যায়ের সকল কার্যক্রম সরেজমিনে তদারকি করবেন। |
| ১০ | কল্যাণ ও স্বাস্থ্য কর্মকর্তা | | জনবা মোহাম্মদ জিন্নাতুল ইসলাম, জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, নেত্রকোণা কল্যাণ ও স্বাস্থ্য কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন। তার সহযোগী হিসেবে জনাব মোজাফর আলী, সার্কেল অ্যাডজুট্যান্ট আনসার ও ভিডিপি ময়মনসিংহ রেঞ্জ, কল্যাণ ও স্বাস্থ্য কর্মকর্তার সহযোগী হিসেবে দায়িত্ব পালন করবেন। তারা রেঞ্জ কার্যালয়ে কর্মরত স্বাস্থ্যসহকারী ও চিকিৎসকের সহায়তায় প্রশিক্ষণার্থীদের চিকিৎসা সেবা নিশ্চিত করবেন। প্রশিক্ষণের সাথে জড়িত কর্মকর্তা/কর্মচারী ও প্রশিক্ষণার্থীদের কল্যাণ নিশ্চিত করবেন। |
| ১১ | কোয়াটার মাস্টার | ঃ | জনাব মোজাফর আলী, সার্কেল অ্যাডজুট্যান্ট, আনসার ও ভিডিপি, ময়মনসিংহ রেঞ্জ, ময়মনসিংহ তিনি কোয়াটার মাস্টার হিসেবে দায়িত্ব পালন করবেন। তিনি প্রশিক্ষণার্থীদের মধ্য হতে ০৩ জন সদস্য বাছাই করে একটি মেস কমিটি গঠন করবেন। প্রতিদিন মেসের খরচাদির হিসাব সংরক্ষণ করবেন এবং রোলকল প্যারেডে খরচাদি সম্পর্কে প্রশিক্ষণার্থীদেরকে অবহিত করবেন। ক্যাম্প অধিনায়কের সাথে আলোচনাক্রমে প্রস্তুতকৃত মেন্যু মোতাবেক প্রশিক্ষনার্থীদের যথাসময়ে খাদ্য সরবরাহ নিশ্চিত করবেন। প্রশিক্ষণের সাথে সম্পৃক্ত সকলের মধ্যে সমন্বয় সাধনপূর্বক ক্যাম্পের সুষ্ঠু পরিবেশ ও শৃংখলা বজায় রাখবেন। উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানে সহযোগিতা করবেন। |
| ১২. | প্রশিক্ষণ কর্মকর্তা/ কোর্স অ্যাডজুট্যান্ট | ঃ | (১) জনাব মো: জাহিদুল ইসলাম, উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, তারাকান্দা ও ময়মনসিংহ এবং অতিরিক্ত দায়িত্ব উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, সদর, ময়মনসিংহ তিনি ২৫/০৫/২০২৫ হতে ০৫/০৭/২০২৫ তারিখ অপরাহ্ন পর্যন্ত দায়িত্ব পালন করবেন। আগত প্রশিক্ষণার্থীদের বিধি মোতাবেক ভর্তি রেজিস্টারে নাম ও বিস্তারিত বিবরণ লিপিবদ্ধ, রেজিস্টার সংরক্ষণ করবেন, প্রশিক্ষণার্থীদের আবাসন ব্যবস্থা করবেন। প্রশিক্ষণ শিবিরে উপস্থিত থেকে দায়িত্ব ও কর্তব্য সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত দায়িত্ব পালন করবেন।<br>ক) পাঠ পরিকল্পনা প্রনয়ন ও অনুসরণ।<br>খ) ক্যাম্প অধিনায়ক ও কোর্স ওআইসির যাবতীয় কার্যক্রমে সহযোগিতা প্রদান।<br>গ) শ্রেণী কক্ষ ও বহিরাঙ্গনে পরিচালিত ক্লাশসমূহের তত্ত্বাবধান ও আয়োজন করবেন।<br>ঘ) প্রশিক্ষণার্থীদের গমনাগমন নিয়ন্ত্রণ।<br>ঙ) চিত্তবিনোদনের ব্যবস্থা নিশ্চিত করবেন।<br>চ) প্রশিক্ষণ ক্যাম্পের সার্বিক শৃংখলা বজায় রাখার ব্যবস্থা গ্রহণ।<br>ছ) প্রশিক্ষণ সিলেবাস অনুযায়ী প্রশিক্ষণসূচী তৈরী করবেন এবং তদানুযায়ী প্রশিক্ষণ পরিচালনা করবেন।<br>জ) পয়ঃনিষ্কাশন নিশ্চিত করবেন। |

| | | | |
|---|---|---|---|
| ১৩. | সহকারী প্রশিক্ষণ কর্মচারী | ঃ | জনাব মোঃ সেলিম মিয়া, উপজেলা প্রশিক্ষক, আনসার ও ভিডিপি, মুক্তাগাছা, ময়মনসিংহ আগামী ২৪/০৫/২০২৫ তারিখ অপরাহ্ন হতে ০৫/০৭/২০২৫ তারিখ অপরাহ্ন পর্যন্ত সহকারী প্রশিক্ষণ কর্মচারী হিসেবে দায়িত্ব পালন করবেন। প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ, রোলকল, পিটিতে অংশগ্রহণ ও ক্লাসসমূহে যথাসময়ে হাজির করানো, দৈনিক প্যারেড ষ্ট্যাটমেন্ট প্রণয়ন করবেন এবং প্রশিক্ষণ কর্মকর্তাকে সার্বিক সহযোগিতা করবেন। |
| ১৪. | বিভাগীয় প্রশিক্ষক | ঃ | রেজিঃ নং-২৫৪০০, হাবিলদার জনাব মোঃ ইব্রাহিম হোসেন ২৬ আনসার ব্যাটালিয়ন কার্যক্রম সহকারী হিসেবে প্রশিক্ষণ কর্মকর্তা ও সহকারী প্রশিক্ষণ কর্মচারীকে সহযোগিতা করবেন। প্রশিক্ষণের সিলেবাস অনুযায়ী প্রশিক্ষণ প্রদান করবেন এবং প্রশিক্ষণ শিবির পরিচালনায় নানাবিধ কার্যক্রমে সহযোগিতা করবেন। তিনি মোটর ড্রাইভিং ও মেকানিক্স প্রশিক্ষণের সার্বিক সহযোগী হিসেবে বিভাগীয় প্রশিক্ষকের দায়িত্ব পালন করবেন। |
| ১৫. | কার্যক্রম সহকারী | ঃ | রেজিঃ নং-১৯১৮৪৭৩, সিপাহি জনাব মোঃ শামীম মিয়া ২৬ আনসার ব্যাটালিয়ন উক্ত আনসার ব্যাটালিয়ন সদস্যগণ কার্যক্রম সহকারী হিসেবে প্রশিক্ষণ কর্মকর্তা ও সহকারী প্রশিক্ষণ কর্মচারীকে সহযোগিতা করবেন। প্রশিক্ষণের সিলেবাস অনুযায়ী প্রশিক্ষণ প্রদান করবেন এবং প্রশিক্ষণ শিবির পরিচালনায় নানাবিধ কার্যক্রমে সহযোগিতা করবেন। |

২। ক্রমিক নং-১০, ১১ ও ১২ নং- এ বর্ণিত কর্মকর্তাগণ প্রতিদিন নিয়মিত প্রশিক্ষণ ক্যাম্পে গমনাগমন নিশ্চিত করবেন এবং ১৩, ১৪ এবং ১৫ নং এ বর্ণিত কর্মচারীগণ সার্বক্ষণিক ক্যাম্পে অবস্থান করবেন এবং তাদের উপর অর্পিত দায়িত্ব সঠিকভাবে পালন করবেন। প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নকরণের লক্ষ্যে ক্যাম্প অধিনায়ক, অত্র রেঞ্জাধীন কর্মরত যে কোন কর্মকর্তা/কর্মচারী/ব্যাটালিয়ন আনসার সদস্যকে এ কাজে নিযুক্ত করতে পারবেন। প্রশিক্ষণ ক্যাম্পে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণ ২৪/০৫/২০২৫ খ্রিঃ তারিখ অপরাহ্নে জেলরোড আনসার ও ভিডিপি প্রশিক্ষণ কেন্দ্র সদর, ময়মনসিংহে যোগদান করবেন। প্রত্যেকেই তাদের দায়িত্ব পালনের জন্য ক্যাম্প অধিনায়কের কাছে ব্যক্তিগতভাবে ও দলগতভাবে দায়ী থাকবেন। এ অফিস আদেশ ক্যাম্প অধিনায়ক সময়ে সময়ে প্রয়োজন অনুযায়ী পরিবর্তন, পরিবর্ধন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২১/৫/২০২৫

**মোহাম্মদ আবদুল আউয়াল** বিভিএম, পিভিএমএস
বিএডি-১২০০৪৮
উপমহাপরিচালক
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
ময়মনসিংহ রেঞ্জ, ময়মনসিংহ।

স্মারক নং- ৪৪.০৩.৪৫৬১.০০১.০০.০০০০.২৫.১০২৩

তারিখঃ ০৭ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ।
২১ মে ২০২৫ খ্রিস্টাব্দ।

অনুলিপিঃ

১। অতিরিক্ত মহাপরিচালক
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। : সদয় অবগতির জন্য।

২। উপমহাপরিচালক (প্রশাসন/অপারেশন/প্রশিক্ষণ)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। : অবগতির জন্য।

৩। পরিচালক/অধিনায়ক
শেরপুর আনসার ব্যাটালিয়ন (৩২ বিএন)/
নেত্রকোণা আনসার ব্যাটালিয়ন (২৬ বিএন) : অবগতির জন্য।

৪। জেলা কমান্ড্যান্ট
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
ময়মনসিংহ/টাঙ্গাইল/নেত্রকোণা/শেরপুর/জামালপুর। : অবগতি ও কার্যার্থে।

৫। জনাব-----------------------------------------
-----------------------------------------: অবগতি ও কার্যার্থে।

৬। অফিস নথি।

২১/৫/২০২৫

উপমহাপরিচালক
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
ময়মনসিংহ রেঞ্জ, ময়মনসিংহ।